

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৬

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৯. মোজার উপর মাসাহ করা

باب الْمَسْحِ عَلَى الْخُفَّيْنِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ يُونُسَ، حَدَّثَنَا ابْنُ حَيِّ، _ هُوَ الْحَسَنُ بْنُ صَالِحٍ _ عَنْ بُكَيْرِ بْنِ عَامِرٍ الْبَجَلِيِّ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي نُعْمٍ، عَنِ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ، أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم مَسَحَ عَلَى الْخُقَيْنِ . فَقُلْتُ يَا رَسُولَ اللهِ أَنْسِيتَ قَالَ " بَلْ أَنْتَ نَسِيتَ بِهَذَا أَمْرَنِي رَبِّي " .

_ ضعيف: المشكاة ٢٤ه

বাংলা

১৫৬। মুগীরাহ ইবনু শু'বাহ (রাঃ) সূত্রে বর্ণিত। একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মোজার উপর মাসাহ্ করলেন। ফলে আমি বললাম, হে আল্লাহর রসূল! আপনি কি ভুলে গেছেন? তিনি বললেনঃ বরং তুমিই ভুলে গেছ। আমার মহান প্রতিপালক আমাকে এরূপ করার আদেশ করেছেন।[1]

দুর্বল : মিশকাত ৫২৪।

English

Al-Mughirah b. Shu'bah said:

The Messenger of Allah (ﷺ) wiped over the socks and I said: Messenger of Allah, have you forgotten? He said: My Lord has commanded me to do this.

ফুটনোট

[1] আহমাদ (৪/২৪৬, ২৫৩) সনদের বুকাইর ইবনু 'আমিরকে হাফিয 'আত-তাক্ররীব' গ্রন্থে দুর্বল বলেছেন।



শারখ আলবানী মিশকাতের তাহক্বীকে বলেনঃ এর সানাদ দুর্বল। আর হাদীসে "আমি বললাম, হে আল্লাহর রাসূল…" এ অংশটুকু মুনকার। মুগীরাহ সূত্রে হাদীসটির সূত্রাবলীতে এর কিছুই বর্ণিত হয়নি। আল্লামা শাওকানী সংশয়ে পড়ে এর সানাদকে সহীহ বলেছেন। কিন্তু তা সঠিক নয়। বরং সেটি হচ্ছে এ হাদীস ব্যতীত সহীহ সনদের বর্ণিত মুগীরাহার অন্য হাদীস।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু'বা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন